

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা ও সালাত [নামাজ] রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইবন আলী ইবন ওয়াহফ আল-ক্লাহত্বানী

১৫. আযানের যিক্রসমূহ

২২-(১) মুয়াযযিন যা বলে শ্রোতাও তা বলবে, তবে 'হাইয়্যা 'আলাস্সালাহ' এবং 'হাইয়্যা 'আলাল ফালাহ' এর সময় বলবে,

«لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ»

(লা-হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লা-হ)

"আল্লাহর সাহায্য ছাড়া (পাপ কাজ থেকে দূরে থাকার) কোনো উপায় এবং (সৎকাজ করার) কোনো শক্তি কারো নেই[1]।"

২৩-(২) বলবে,

«وَأَنَا أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ، رَضِيتُ بِاللَّهِ رَبَّاً، وَبِمُحَمَّدٍ رَسُولاً، وَبِالْإِسْلاَم دِينَاً»

(ওয়া আনা আশ্হাদু আল্লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু লা শারীকা লাহু ওয়া আন্না মুহাম্মাদান 'আবদুহূ ওয়া রাস্লুহু, রাদীতু বিল্লা-হি রব্বান, ওয়া বিমুহাম্মাদিন রাস্লান, ওয়া বিলইসলা-মি দ্বীনান)।

"আমি সাক্ষ্য দিচ্ছি যে, একমাত্র আল্লাহ ছাড়া কোনো হক্ব ইলাহ নেই, তাঁর কোনো শরীক নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দাহ ও রাসূল। আমি আল্লাহকে রব্ব, মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কে রাসূল এবং ইসলামকে দ্বীন হিসেবে গ্রহণ করে সম্ভুষ্ট।"[2]

মুয়াযযিন তাশাহহুদ (তথা আশহাদু আন্না মুহাম্মাদার...) উচ্চারণ করার পরই শ্রোতারা এ যিক্রটি বলবে।[3] ২৪-(৩) মুয়াযযিনের কথার জবাব দেওয়া শেষ করার পর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের উপর দর্মদ পড়বে।[4]

২৫-(৪) তারপর বলবে,

«اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ، وَالصَّلاَةِ الْقَائِمَةِ، آتِ مُحَمَّداً الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ، وَابْعَثْهُ مَقَاماً مَحمُوداً الَّذِي وَعَدْتَهُ، [إِنَّكَ لَا تُخْلِفُ الْمِيعَادَ]».

(আল্লা-হুম্মা রববা হা-যিহিদ্ দা'ওয়াতিত্ তা-ম্মাতি ওয়াস সালা-তিল ক্বা-'ইমাতি আ-তি মুহাম্মাদানিল ওয়াসীলাতা ওয়াল ফাদীলাতা ওয়াব্'আছহু মাক্বা-মাম মাহমূদানিল্লাযী ওয়া'আদতাহ, ইন্নাকা লা তুখলিফুল মী'আদ)।

"হে আল্লাহ! এই পরিপূর্ণ আহ্বান এবং প্রতিষ্ঠিত সালাতের রব্ব! মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কে ওসীলা তথা জান্নাতের একটি স্তর এবং ফযীলত তথা সকল সৃষ্টির উপর অতিরিক্ত মর্যাদা দান করুন। আর তাঁকে



মাকামে মাহমূদে (প্রশংসিত স্থানে) পৌঁছে দিন, যার প্রতিশ্রুতি আপনি তাঁকে দিয়েছেন। নিশ্চয় আপনি প্রতিশ্রুতি ভঙ্গ করেন না।"[5]

২৬-(৫) "আযান ও ইকামতের মধ্যবর্তী সময়ে নিজের জন্য দো'আ করবে। কেননা ঐ সময়ের দো'আ প্রত্যাখ্যান করা হয় না।"[6]

ফুটনোট

- [1] বুখারী, ১/১৫২, নং ৬১১, ৬১৩; মুসলিম, ১/২৮৮, নং ৩৮৩।
- [2] মুসলিম ১/২৯০, নং ৩৮৬।
- [3] ইবন খুযাইমা, ১/২২০।
- [4] মুসলিম ১/২৮৮, নং ৩৮৪।
- [5] বুখারী ১/২৫২, নং ৬১৪; আর দুই ব্রাকেটের মাঝখানের অংশ উদ্ধৃত করেছেন, বায়হাকী ১/৪১০। আর আল্লামা আবদুল আযীয ইবন বায রাহেমাহুল্লাহ তার 'তুহফাতুল আখইয়ার' গ্রন্থে এটার সনদকে হাসান বলেছেন, পৃ. ৩৮।
- [6] তিরমিয়া, নং ৩৫৯৪; আবূ দাউদ, নং ৫২৫; আহমাদ, নং ১২২০০; আরও দেখুন, ইরওয়াউল গালীল, ১/২৬২।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=930

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন